শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।
ISO 9001:2015 Certified
ফোন নং-০৯৮১-৬৩০৩০,৬২৪০৩, ই-মেইল নং-jamalpurpbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৮.২০. ৫৩৫০

তারিখ:- ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ।
২৫/১০/২০২০ খ্রিষ্টাব্দ।

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন মিটার টেস্টার পদে কর্মরত কর্মচারীগণের নিকট হতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## পদের নামঃ মিটার টেস্টিং সুপারভাইজার

প্রার্থীর যোগ্যতাঃ

ক) মিটার টেস্টার হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
খ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সহ সকল শর্তসমূহ পূরণ করতে হবে।
গ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।
ঘ) বৈদ্যুতিক মিটার পরীক্ষায় পারদর্শী হতে হবে।
ঙ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন এর ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
চ) দক্ষতা উন্নয়নের জন্য স্বত:স্ফুর্তভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে।

শর্তাবলীঃ-

০১। আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ ০৫/১১/২০২০খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২। জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র।

০৩। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
খ) বিগত ০৩ (তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
ঘ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
ঙ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
চ) বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্র ও পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্র ( সকল কাগজপত্রের সত্যায়িত অনুলিপি )।

০৪। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলাকোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (জামালপুর জেলার সকল উপজেলা, কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজীবপুর উপজেলা এবং চিলমারী ও উলিপুর উপজেলার আংশিক, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার আংশিক, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার আংশিক, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর উপজেলা ও কাজিপুর উপজেলার আংশিক, টাঙ্গাইল জেলার ভুয়াপুর উপজেলার আংশিক) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য মিটার টেস্টিং সুপারভাইজার (চ: দা:) পদে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণসাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করানো হবে এবং নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য হবে সেই সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না:

ক) সর্বশেষ ৩ (তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

খ) সর্বশেষ ১ (এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

গ) বিগত ৫ (পাঁচ) বৎসরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঘ) বিগত ৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঙ) বিগত ৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

চ) পদোন্নতির জন্য ৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার কারণে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;

জ) দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে।

০৭। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে কোনরূপ তদন্ত ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২খ্রিঃ) এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৯। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ মিটার টেস্টার পদের সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**[ বিঃদ্রঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত কারণে প্রার্থীকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে । ]**

২৩/২০/২০২০

(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................... পবিস-১/২/৩/৪।

০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/বকশীগঞ্জ/সরিষাবাড়ী/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ/রৌমারী জোনাল অফিস।

০৬। এজিএম (প্রশাসন/ওএন্ডএম/অর্থ/এমএস/ইএন্ডসি), জামালপুর পবিস।

০৭। এজিএম (ওএন্ডএম), দেওয়ানগঞ্জ/নান্দিনা সাব জোনাল অফিস, জামালপুর পবিস।

০৮। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www. pbs.jamalpur.gov.bd), জামালপুর পবিস।

০৯। অফিস নথি/মাস্টার নথি।

(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার

F:\নিয়োগ বিজ্ঞপ্তি.2.docx